# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 26.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের সব সরকারী মেডিকেল কলেজ ও সুপার স্পেশালিটি হাসপাতালে কর্মরত মহিলা চিকিৎসক সহ সর্বস্তরের চিকিৎসা কর্মীদের নিরাপত্তায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অধ্যক্ষ ও সুপারদের বিশেষ দায়িত্ব দিয়েছেন মুখ্যমন্ত্রী।

তিনি আজ নবান্নে এক বৈঠকে রাত্তিরের সাথী প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করেন।

২) মুখ্য সচিবের সঙ্গে বৈঠকের প্রতিশ্রুতি পালন করা হচ্ছে না, অভিযোগ জানিয়ে মনোজ পন্থকে ই-মেল জুনিয়ার ডাক্তারদের।

৩) কলকাতার তিলজলায় ৭ বছরের শিশুকে যৌন নির্যাতন করে খুনের ঘটনায় আলিপুরের বিশেষ পকসো আদালত, অভিযুক্তকে মৃত্যুদন্ড দিয়েছে।

৪) টানা বৃষ্টিতে একাধিক নদীতে জলস্তর বাড়ায় ডিভিসি জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে। এর জেরে বন্যা পরিস্থিতি ফের অবনতি হওয়ার আশঙ্কা।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০৪-তম জন্ম বার্ষিকীতে তাঁকে স্মরণ করা হচ্ছে।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এই উপলক্ষে ৩ জনকে বিদ্যাসাগর পুরস্কারে ভূষিত করেছে।

৬) আই এস এল ফুটবলে মহামেডান স্পোর্টিং ও চেন্নাইয়ান এফ সি মুখোমুখি হয়েছে।

ooooooooooooooooooooooooo

রাজ্য সরকার, সব সরকারি মেডিক্যাল কলেজ ও সুপার স্পেশালিটি হাসপাতালে কর্মরত মহিলা চিকিৎসক সহ সব স্তরের চিকিৎসা কর্মীদের সুরক্ষা ও নিরাপত্তায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অধ্যক্ষ ও সুপারদের বিশেষ দায়িত্ব দিয়েছে। কর্মীদের নিরাপত্তায় গৃহীত রাত্তিরের সাথী প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্ন সংলগ্ন সভাঘরে ৩৩টি মেডিক্যাল কলেজ, ৪২টি সুপার স্পেশালিটি হাসপাতাল, সব জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে দীর্ঘক্ষন বৈঠক করেন।

পরে এই বৈঠককে ইতিবাচক হিসেবে উল্লেখ করে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, হাসপাতালগুলির নিরাপত্তা ও পরিকাঠামো খাতে রাজ্যের তরফে যে একশো কোটি টাকা বরাদ্দ করা হয়েছে তার সবটাই পূর্ত দপ্তরের ওপরে না ছেড়ে সেই টাকায় নিজেদের দায়িত্বে কাজ করিয়ে নেওয়ার জন্যে সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজের অধ্যক্ষদের নির্দেশ দেওয়া হয়েছে।

বাইট

পাশাপাশি হাসপাতালগুলির পরিকাঠামো উন্নয়নে পদক্ষেপ নিতে সব রোগী কল্যান সমিতি ভেঙে দিয়ে অধ্যক্ষদের চেয়ারম্যান করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। নির্মান সহ বিভিন্ন ক্ষেত্রে হাসপাতালগুলিতে অনেক বাইরের লোক কাজ করায় সব জায়গায় দ্রুত বায়োমেট্রিক ব্যবস্থা চালু করার কথাও বলা হয়েছে। হোস্টেলগুলির উপরে বিশেষ নজর রাখার পাশাপাশি হাসপাতালগুলির নিরাপত্তা নিয়ে নিয়মিত অডিট করার জন্যে প্রাক্তন ডিজিপি সুরজিত কর পুরকায়স্থকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে তিনি জানান।

জুনিয়র চিকিৎসকরা বিভিন্ন বিষয় উল্লেখ করে আজ মুখ্যসচিবকে যে চিঠি দিয়েছেন তার সবকটি বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে বলেও তিনি জানান। পুলিশের প্রায় ১২ হাজার শূন্য পদ পূরনের জন্যে আগামী সপ্তাহেই বিজ্ঞপ্তি জারি হবে

বলে তিনি জানান। একইসঙ্গে সব জেলার মুখ্য ও ব্লক স্বাস্থ্য আধিকারিকদের ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা নেওয়ার জন্যে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়ার কথা বলা হয়েছে। হাসপাতালগুলিতে ওআরএস ও সাপের কামড়ের প্রতিষেধক হিসাবে ব্যবহৃত এভিএস পর্যাপ্ত হারে মজুত রাখার কথা বলা হয়েছে।

oooooooooooooooooooooooooo

মুখ্য সচিবের সঙ্গে বৈঠকে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেগুলি পালন করা হচ্ছে না বলে অভিযোগ জানিয়ে মনোজ পন্থকে ইমেল করেন জুনিয়ার ডাক্তাররা।
সূত্রের খবর, চিঠিতে সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে হুমকি সংস্কৃতির বিষয়টিকে বিশেষভাবে তুলে ধরা হয়েছে। সাত দফা দাবী সম্বলিত মেল পাঠিয়ে জবাবি মেলের অপেক্ষায় রয়েছেন জুনিয়ার ডাক্তাররা ।

ooooooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ‘হুমকি সংস্কৃতি’ নিয়ে কলকাতা হাইকোর্ট উদ্বেগ প্রকাশ করেছে। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি বিভাস পট্টনায়েকের ডিভিশন বেঞ্চ, আজ হুমকি সংস্কৃতির অভিযোগকে গুরুতর বলে উল্লেখ করে রাজ্য সরকারের কাছে এ বিষয়ে হলফনামা চেয়েছে। আর জি কর কান্ডের পর থেকেই স্বাস্থ্য ক্ষেত্রে উত্তরবঙ্গ লবির দিকটি প্রকট হয়ে ওঠে। একাধিক মেডিকেল কলেজ ও হাসপাতালে যে ভয়ের পরিবেশ তৈরী হয়েছে তাঁর বিরুদ্ধেও মুখ খুলতে শুরু করেন জুনিয়ার ডাক্তাররা। পুরো বিষয়টির তদন্ত চেয়ে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়। প্রধান বিচারপতি তাঁর পর্যবেক্ষনে জানান, পরীক্ষার উত্তরপত্র ফাঁস, শ্লীলতাহানি, দুর্নীতি, হয়রানির মতো অভিযোগের একটিরও সত্যতা থাকলে তা অত্যন্ত উদ্বেগজনক। রাজ্যের পক্ষে আইনজীবী জানান, প্রতিটি অভিযোগের প্রেক্ষিতেই ব্যবস্থা নেওয়া হয়েছে। বদলি অথবা বহিষ্কার করা হয়েছে বেশ কয়েকজনকে। এরপরই হাইকোর্ট, গৃহীত পদক্ষেপ সম্পর্কে রাজ্য সরকার ও ন্যাশনাল মেডিক্যাল কাউন্সিলকে হলফনামা দিয়ে জানাতে বলে।

আগামী ২১ নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসক কে ধর্ষণ করে খুনের ঘটনার প্রতিবাদে, দোষীদের দ্রুত শাস্তি ও ন্যায় বিচারের দাবিতে ধর্মতলায় Dorina ক্রসিং এ দুদিন ব্যাপী ধরনা কর্মসূচির শেষ দিনে আজ কংগ্রেস নেতা, প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেন, আর জি কর কাণ্ডে দেশজুড়ে প্রতিবাদ সংগঠিত হয়েছে। এই নৃশংস হত্যা ও ধর্ষণের ঘটনার প্রতিবাদে দেশজুড়ে চিকিৎসক থেকে সর্বস্তরের মানুষ এক অনন্য প্রতিবাদের নজির গড়েছেন। তিনি অভিযোগ করেন ,আর জি কর কাণ্ডে প্রথম থেকেই ঘটনা ধামাচাপা ও প্রমাণ লোপাটের চেষ্টা করা হয়েছে ।নির্যাতিতার পরিবারকে টাকা দেওয়ার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ করেন অধীর বাবু ।

প্রদেশ কংগ্রেসের ওই ধরনে মঞ্চে প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য, প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ প্রদেশ কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা অংশ নেন।

oooooooooooooooooooooooo

কলকাতার তিলজলায় ৭ বছরের এক শিশুকে যৌন নির্যাতন করে খুনের ঘটনায় আলিপুরের বিশেষ পকসো আদালত, অভিযুক্তকে মৃত্যুদন্ড দিয়েছে। ২০২৩ সালের মার্চ মাসে ঐ নাবালিকার দেহ উদ্ধার হলে তীব্র চাঞ্চল্য ছড়ায়। পরিবারের পক্ষ থেকে জানানো হয়, ফ্ল্যাটের নীচে ময়লা ফেলতে গিয়ে সে নিখোঁজ হয়ে যায়। পরে পুলিশ এসে প্রতিবেশীর ফ্ল্যাট থেকে হাত পা মুখ বাঁধা অবস্থায় বস্তাবন্দী শিশুটির দেহ উদ্ধার করে। মেলে যৌন নির্যাতনের প্রমানও। গ্রেপ্তার করা হয় অলোক কুমার নামে ঐ ব্যক্তিকে। জেরায় জানা যায়, ধর্ষনের পর মৃত্যু নিশ্চিত করতে দেওয়ালে মাথা ঠুকে এবং হাতুড়ি মেরে শিশুটিকে হত্যা করা হয়।

আজ রায়দানের সময় বিশেষ পকসো আদালতের বিচারক এই ঘটনাকে বিরলের মধ্যে বিরলতম আখ্যা দিয়ে বলেন, নিজের বিকৃত লালসা চরিতার্থ করতে যে জঘন্য অপরাধ হয়েছে তা সংশোধনাগারে পাঠিয়ে সংশোধন করা সম্ভব নয়। এই নিষ্ঠুর হত্যাকান্ডের শাস্তি একমাত্র ফাঁসি।

oooooooooooooooooooooooo

টানা বৃষ্টিতে একাধিক নদীতে জলস্তর বাড়ায় ডিভিসি তাদের জলাধারগুলি থেকে জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে। এর জেরে রাজ্যের বিভিন্ন জেলার বন্যা পরিস্থিতির ফের অবনতি হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। আজ সকালে ৮টার পর মাইথন থেকে ১০ হাজার কিউসেক ও পাঞ্চেত থেকে ১২ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। দুর্গাপুর ব্যারাজ থেকে ৩৬ হাজার ৫৫০ কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। মুষলধারে বৃষ্টি ও ডিভিসির জল ছাড়ার কারণে হাওড়া ও হুগলির কিছু অংশে বন্যা পরিস্থিতি আরো খারাপ হওয়ার আশঙ্কা করা হচ্ছে। আবহাওয়ার পূর্বাভাস অনুসারে ডিভিসিকে আরও জল ছাড়তে হতে পারে ।

এদিকে, লাগাতার বৃষ্টিতে কংসাবতী, হলদি ও রূপনারায়ণে জলস্তর বিপজ্জনকভাবে বাড়ছে বলে সেচ দফতর সূত্রে জানা গেছে । এর জেরে পূর্ব মেদিনীপুরের বন্যা কবলিত এলাকায় মানুষের ভোগান্তি আরও বাড়বে।

অন্যদিকে বন্যা ও ভাঙ্গন কবলিত মালদার মানিকচক ব্লকের পরিস্থিতি খতিয়ে দেখতে কৃষি সচিব ওঙ্কার সিং মিনার নেতৃত্বে রাজ্য সরকারের ৫ সদস্যের প্রতিনিধি দল আজ সেখানে যান। বিগত কয়েক দিন ধরেই গঙ্গার জলে প্লাবিত মানিকচকের ভূতনির তিনটি পঞ্চায়েত সমিতির ১৫-টি গ্রাম পঞ্চায়েত।

দুর্যোগ পরিস্থিতি খতিয়ে দেখার পাশাপাশি তারা ত্রাণশিবিরগুলিও পরিদর্শন করেন, দুর্গতদের হাতে তুলে দেন ত্রাণ সামগ্রী।

জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের চিফ ইঞ্জিনিয়ার, জনস্বাস্থ্য বিভাগের অধিকর্তা ডা: দীপঙ্কর মাঝি, সেচ দপ্তরের ইঞ্জিনিয়ার ইন চিফ এবং সচিব ও ডব্লিউবিআরআইডিডি দপ্তরের চিফ ইঞ্জিনিয়ার এই প্রতিনিধি দলে আছেন বলে জানা গিয়েছে।

এদিকে, বর্ষার পরেই ঘাটাল মাস্টার প্ল্যানের অন্তর্গত শীলাবতী নদী সংস্কারের কাজ শুরু করা ও ঘাটালের বানভাসী সমস্ত পরিবারকে ত্রাণ দেবার দাবিতে ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ণ সংগ্রাম কমিটি আজ বিডিও অফিসে বিক্ষোভ প্রদর্শন করে। সঙ্গে ছিলেন বানভাসী মানুষজনও। পরে তারা যুগ্ম বিডিও-কে ৫ দফা দাবি সম্বলিত একটি স্মারকলিপি তুলে দেন।

০০০০০০০০০০০০০০০০০

জলছাড়া নিয়ে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় আজ ডিভিসি-র কড়া সমালোচনা করেন। সাংবাদিকদের তিনি আজ বলেন রাজ্য সরকার ডিভিসি র কোন সহায়তা নেবে না । কৃষি মন্ত্রী জানিয়েছেন ডিভিসি র কোন কর্মী যদি ব্যাক্তিগত ভাবে দূর্গতদের কোন সাহায্য করতে চান তবে তা গ্রহন করা হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ইচ্ছাতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন। উল্লেখ্য, কলকাতা পুরসভা এবং বেশ কয়েকটি সংগঠন, বন্যা দুর্গতদের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

লাগাতার বৃষ্টি ও ডিভিসির ছাড়া জলে বন্যাকবলিত পশ্চিম মেদিনীপুর, হুগলি, হাওড়ায় ক্ষতিগ্রস্তদের জন্য কী পদক্ষেপ করা হয়েছে, কলকাতা হাইকোর্ট তা রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছে। রাজ্যের বন্যা পরিস্থিতি নিয়ে হাইকোর্টে মামলা করেন আইনজীবী শঙ্কর দলপতি। আজ প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি বিভাস পট্টনায়কের ডিভিশন বেঞ্চ জানিয়েছে, আগামী তেসরা অক্টোবর রাজ্যকে এ ব্যাপারে বিস্তারিত জানাতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নিম্নচাপ সরে গেলেও ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে বঙ্গোপোসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বায়ুমন্ডলে প্রবেশ করায় রাজ্যের প্রায় সব জায়গাতেই বৃষ্টি হচ্ছে। আজ সকাল সাড়ে আটটা পর্যন্ত ২৪ ঘণ্টায় উত্তরবঙ্গের লাভায় ১২৯ দশমিক চার, কালিম্পং-এ ১০৭ এবং দার্জিলিং-এ ১০৩ দশমিক ছয় মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। সল্টলেকে বৃষ্টি হয়েছে ১০৯ মিলিমিটারের বেশি, দমদমে ৯৫ দশমিক দুই এবং বাঁকুড়ায় ৮৬ দশমিক দুই মিলিমিটার বৃষ্টি হয়েছে । দক্ষিণবঙ্গের চার জেলা, পুরুলিয়া, বীরভূম, পশ্চিম বর্ধমান ও মূর্শিদাবাদে আজ ভারী বৃষ্টির পূর্বাভাষ।

আগামীকাল পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা থাকছে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়। কোচবিহারের জন্য জারি হয়েছে কমলা সতর্কতা।

কলকাতায় আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় বৃষ্টি হয়েছে ৭৩ দশমিক দুই মিলিমিটার। বৃষ্টির জেরে তাপমাত্রাও কিছুটা কমেছে। সর্বোচ্চ তাপমাত্রা আজ রেকর্ড করা হয় ২৮ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক ৫ ডিগ্রী কম।

oooooooooooooooooooo

বিজেপি দক্ষিণবঙ্গে বন্যা পরিস্থিতির জন্য মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন,সেচ দপ্তরের ওয়েবসাইট থেকে পাওয়া তথ্য অনুযায়ী গত ১৬ই সেপ্টেম্বর থেকে রাজ্য সরকার, ময়ূরাক্ষী,অজয়,কংসাবতী এবং সুবর্ণরেখা নদীর জলাধার থেকে যে পরিমাণ জল ছেড়েছে ডিভিসির ছাড়া জলের থেকে তার পরিমাণ বেশি। পাশাপাশি রাজ্যের অতিরিক্ত মুখ্য সচিব, ১৭তারিখ ডিভিসির জল ছাড়ার বিষয়ে জেলাগুলিকে সতর্ক করে যে চিঠি দিয়েছিলেন,তাতে কংসাবতীর জলাধার থেকে জল ছাড়ার ফলে

বন্যা পরিস্থিতি তৈরি হবে বলেও উল্লেখ রয়েছে। তাই মুখ্যমন্ত্রী ডিভিসির বিরুদ্ধে সত্যের অপলাপ করছেন বলে শ্রী চট্টোপাধ্যায় অভিযোগ করেন।

০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস জিএসটির টাকা নিয়েও দুর্নীতি করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্যে শিক্ষা,স্বাস্থ্য,খাদ্য সহ সব ক্ষেত্রেই দুর্নীতির স্পর্শ লেগেছে। কেন্দ্রীয় সরকার করের টাকা লুট বন্ধ করতে জিএসটি চালু করেছিল। তবে এরাজ্যে তৃণমূল কংগ্রেস সেই জিএসটি নিয়েও দুর্নীতি করছে। উত্তরবঙ্গ দিয়ে রাজ্যে যেসব গাড়ি আসে ভুয়ো জিএসটি ভাউচার বানিয়ে তাদের থেকে অর্থ আদায়ের অভিযোগ তুলেছেন সুকান্তবাবু।

(বাইট- সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আজ ২০৪-তম জন্ম বার্ষিকী, আজ রাজ্য জুড়ে যথাযোগ্য মর্যাদায় পালিত হছে। কলেজ স্কোয়ারে তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বিদ্যাসাগর উদ্যানে ঈশ্বরচন্দ্রের মূর্তিতে মাল্যদান করেন পুর ও নগরোন্নয়নমন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম।

নবান্নেও বর্ণপরিচয়ের স্রষ্টা এই প্রবাদপ্রতিম শিক্ষাবিদ এবং সমাজ সংস্কারকের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর এক্স হ্যান্ডেলে বিদ্যাসাগরের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন।

এই উপলক্ষে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আজ বিদ্যাসাগর পুরস্কার প্রদান করা হয় । খ্যাতনামা তিন বিশিষ্ট ব্যক্তির হাতে এই পুরস্কার তুলে দেন

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সুশান্ত কুমার চক্রবর্তী। প্রাপকরা হলেন, জঙ্গলমহলের বিশিষ্ট ঝুমুর সঙ্গীত শিল্পী ইন্দ্রানী মাহাতো, বুদ্ধিজীবী শমিক বন্দ্যোপাধ্যায় ও সমাজসেবী স্বামী রামাত্মানন্দ। ২০১৯ সাল থেকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এই পুরস্কার চালু করে।

ঈশ্বরচন্দ্রের জন্মদিবসে হাওড়ার আমতার গাজীপুর থাকোময়ী প্রাথমিক বিদ্যালয়ে হস্তলিখন প্রতিযোগিতা, ক্যুইজ, ছোটোদের অ্যানিমেশন ভিডিও দেখানোর ব্যবস্থা করা হয়। বিদ্যাসাগরের বর্ণ পরিচয়ের নির্বাচিত অংশ থেকে ওই হস্তলিখন প্রতিযোগিতায় অংশ নেয় প্রাক্ প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীরা। বিদ্যাসাগরের মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান প্রধান শিক্ষক ও অন্যরা।

জেলার দেবকমল ইনস্টিটিউশনে এই উপলক্ষে বর্ণ পরিচয়ের ১৭০-তম বর্ষপূর্তি সংখ্যা – বর্ণপরিচয়- ১৭০ প্রকাশিত হলো। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্পী, শিক্ষক প্রণব হাজরা ও বনফুল সাহিত্য পত্রিকার সম্পাদক দেবাশিষ দত্ত।

নদীয়ার মায়াপুরে পূর্ব মোল্লাপাড়া প্রাথমিক বিদ্যালয়ে এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বাল্যবিবাহের কুফল সংক্রান্ত সচেতনতার বার্তা দেওয়া হয়। স্থানীয় হাসপাতালের চিকিৎসক ডাক্তার বর্ণালী দত্ত – মেয়েদের শিক্ষার গুরুত্ব তুলে ধরেন। “সুস্থ মা - সুস্থ সন্তান” – এই শ্লোগানকে সামনে রেখে সুস্বাস্থ্য সম্পর্কে সচেতনতার আহ্বান জানান হেল্থ ক্লিনিকের কাউন্সিলার মহুয়া মুখোপাধ্যায়। সকালে এক প্রভাতফেরীও বের করা হয়।

মালদা জেলা শিক্ষা দফতরের উদ্যোগে এই উপলক্ষে শহরের অতুলচন্দ্র মার্কেট এলাকায় এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

oooooooooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ চেন্নাইয়ের জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে, মহামেডান স্পোর্টিং, চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি । একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বচ্ছতাই সেবা কর্মসূচীর অধীনে আকাশবানী কলকাতার উদ্যোগে আজ সাফাইকর্মীদের জন্য আকাশবানী ভবনে এক স্বাস্থ্যশিবিরের আয়োজন করা হয়। ১২৬ জনের স্বাস্থ্যপরীক্ষার মধ্যে ছিল সাধারণ এবং হৃদযন্ত্রের সমস্যার জন্য চিকিৎসকের পরামর্শ, রক্তচাপ, ব্লাড সুগার পরীক্ষা, ইসিজি, পি এফ টি ইত্যাদি। বেসরকারী হাসপাতাল দিসানের সহযোগিতায় এই স্বাস্থ্যশিবিরে উপস্থিত ছিলেন দুই চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০